

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৪১

শান্তিরবাজার, ৩০ জুলাই, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস

শান্তিরবাজার মহকুমায় প্রস্তুতি সভা

আগামী ১৫ আগস্ট ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি উপলক্ষে আজ শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে। তাছাড়াও স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আগামী ১১ আগস্ট প্রত্যেক অফিসে স্বচ্ছতা অভিযান সংগঠিত হবে। ১৪-১৫ আগস্ট সন্ধ্যায় প্রত্যেক সরকারি অফিস আলোকমালায় সাজানো হবে। ১৫ আগস্ট সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে প্রত্যেক সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে সকাল ৯টায় আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এদিন প্রভাতফেরীর মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হবে। সন্ধ্যায় মুকুট অডিটোরিয়ামে হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।
